**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 16-12-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) ঐতিহাসিক বিজয় দিবস আজ যথাযথ মর্যাদায় উদযাপিত।**
**(২) রাজ্যে বহুমুখী ক্ষেত্রে বিনিয়োগের প্রসারের লক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার উপস্থিতিতে আজ দুটি মৌ স্বাক্ষরিত হয়।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জর্ডানে দু'দিনের সফর শেষে ইথিওপিয়ার রাজধানী আদ্দিস আবাবা পৌঁছেছেন।**

**(৪) ত্রিপুরা ও বিহারের মধ্যে অনূর্ধ্ব ১৯ বছরের কোচবিহার ট্রফি ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে।**

***************************************************

**Vijoy Diwas–President :**

আজ যথাযোগ্য মর্যাদায় আজ বিজয় দিবস উদযাপিত। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বিজয় দিবসে পরম বীর দীর্ঘা নাম একটি আর্ট গ্যালারীর উদ্বোধন করেছেন। এই গ্যালারিতে ২১ জন পরমবীর চক্র পুরষ্কার প্রাপকের প্রতিকৃতি প্রদর্শিত হয়েছে। এর লক্ষ্য, আমাদের দেশকে রক্ষা করার জন্য অদম্য সংকল্প এবং অজেয় মনোবল প্রদর্শন করেছিলেন দেশের এমন জাতীয় বীরদের সম্পর্কে দর্শনার্থীদের অবহিত করা।

এটি আমাদের মাতৃভূমির সেবায় জীবন উৎসর্গকারী বীরদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতেও একটি উদ্যোগ।প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, প্রতিরক্ষা প্রধান জেনারেল অনিল চৌহান, সেনাবাহিনী প্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী, বিমান বাহিনী প্রধান অমর প্রীত সিং, নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল দীনেশ কে. ত্রিপাঠী এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

**Vijay Diwas–Governor :**

আজ ঐতিহাসিক বিজয় দিবস। এই উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সকালে আগরতলার লিচুবাগানে অ্যালবার্ট এক্কা ওয়ার মেমোরিয়ালে ভারতীয় সশস্ত্র বাহিনীর সাহসী শহীদ সেনাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। ওয়ার মেমোরিয়ালে শ্রদ্ধা জানান উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মণ, রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ, ভারতীয় সেনার ৭৩ মাউন্টেন ব্যাটেলিয়ানের কমান্ডার ব্রিগেডিয়ার ধীরাজ সিং, পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার প্রমুখ। রাজ্যপাল বলেন, পাকিস্তানের সঙ্গে যুদ্ধে ভারতীয় সেনার ৭৩ মাউন্টেন ব্রিগেডের বীর জওয়ান এলবার্ট এক্কা শহীদ হয়েছিলেন। তাঁর স্মৃতিতে লিচুবাগানে এলবার্ট এক্কা ওয়ার মেমোরিয়াল পার্ক স্থাপন করা হয়েছে। বাংলাদেশের সঙ্গে ভারতের সম্পর্ক নিয়ে রাজ্যপাল বলেন, প্রতিবেশিরা ভাল সম্পর্ক বজায় রাখলে দুই দেশের জন্যই ভাল।

বিজয় দিবস উপলক্ষে সন্ধ্যায় এলবার্ট এক্কা ওয়ার মেমোরিয়াল পার্কে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত রয়েছেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ, ভারতীয় সেনার ৭৩ নম্বর মাউন্টেন ব্যাটেলিয়ানের কমান্ডার ব্রিগেডিয়ার ধীরাজ সিং বি.এস.এফের আই.জি অলক কুমার চক্রবর্তী, আসাম রাইফেলসের ডি.আই.জি ব্রিগেডিয়ার মনীষ রানা, ভারতীয় সেনাবাহিনীর ৬ নম্বর শিখ ব্রিগেডের কমান্ডিং অফিসার কর্নেল বিবেক সিং সেনগার প্রমুখ।

*****************************

**Vijay Diwas–Asst. High Commission :**

এদিকে, আগরতলায় বাংলাদেশ সহকারী হাইকমিশন কার্যালয়েও আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বিজয় দিবস উদযাপন করা হয়। সকালে বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন ও মুক্তিযুদ্ধে শহীদদের স্মরণে নির্মিত স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়। অনুষ্ঠানে বাংলাদেশের রাষ্ট্রপতি ও প্রধান উপদেষ্টার বার্তা পাঠ করা হয় এবং মুক্তিযুদ্ধে ত্রিপুরার অবদান স্মরণ

করা হয়। উপস্থিত ছিলেন বাংলাদেশ সহকারি হাইকমিশনার হাসান আল বাশার, প্রথম সচিব শরীফ আহম্মেদ ও এস এম আলমাস হোসেন।

****************************

**Vijay Diwas-Assam Rifles :**

বিজয় দিবস উপলক্ষে আজ আসাম রাইফেলস রাধানগর থেকে রান ফর ফান অনুষ্ঠানের আয়োজন করে। বাহিনীর জওয়ানদের সঙ্গে ছাত্রছাত্রীরাও এই দৌড়ে অংশ নেন।

*************************

**CM-MOU :**

রাজ্যে বহুমুখী ক্ষেত্রে বিনিয়োগের প্রসারের লক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার উপস্থিতিতে আজ দুটি মৌ স্বাক্ষরিত হয়। ত্রিপুরা ইনস্টিটিউশন ফর ট্রান্সফরমেশনে আয়োজিত অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য দপ্তর এবং বন দপ্তরের সঙ্গে পতঞ্জলি যোগপীঠ ট্রাস্টের মৌ স্বাক্ষরিত হয়েছে। শিল্প ও বানিজ্য দপ্তরের পক্ষে অধিকর্তা ড. দীপক কুমার এবং বন দপ্তরের পক্ষে প্রধান মুখ্য বনসংরক্ষক আর কে সামাল পৃথক এই দুটি মউ-এ স্বাক্ষর করেন। পতঞ্জলি যোগপীঠ ট্রাস্টের পক্ষে সিইও ও ম্যানেজিং ডিরেক্টর আচার্য বালাকৃষ্ণ মউ-এ স্বাক্ষর করেন।

মৌ স্বাক্ষরের পর মুখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান, পতঞ্জলি যোগপীঠ ট্রাস্ট রাজ্যে প্রায় ৪০০ কোটি টাকা বিনিয়োগ করবে। পতঞ্জলি যোগপীঠ ট্রাস্টের সহায়তায় আগামীদিনে ত্রিপুরা 'জৈব রাজ্য' হিসেবে গড়ে উঠতে পারে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

পতঞ্জলি যোগপীঠ ট্রাস্টের সিইও ও ম্যানেজিং ডিরেক্টর আচার্য বালাকৃষ্ণ রাজ্যে সম্ভাবনাময় ক্ষেত্রগুলির সামগ্রিক উন্নয়নের সহায়তায় আগ্রহ প্রকাশ করেন। কৃষি, ধর্মীয় পর্যটন, তথ্য প্রযুক্তি, দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ ইত্যাদি ক্ষেত্রগুলিতে কাজ করতে ইচ্ছা প্রকাশ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা।

******************************

**Rail :**

রেল মন্ত্রক জিরানিয়া ও বোধজং নগরের মধ্যে ১৪ কিলোমিটার দীর্ঘ নতুন রেললাইন নির্মাণের জন্য চূড়ান্ত সমীক্ষার অনুমোদন দেয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণোর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা ও পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী। মুখ্যমন্ত্রী আজ সামাজিক মাধ্যমে জানান, প্রস্তাবিত রেললাইন চালু হলে সংশ্লিষ্ট অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা আরও সুদৃঢ় হবে। শিল্পাঞ্চলে কাঁচামাল পরিবহণ ও পণ্য সরবরাহে গতি আসবে। পরিবহন মন্ত্রী জানান, নতুন এই রেললাইন চালু হলে পশ্চিম জেলার পার্শ্ববর্তী জেলাগুলিতেও আরো শিল্প উন্নয়ন ত্বরান্বিত হবে। পাশাপাশি সংলিষ্ট অঞ্চলের অর্থনৈতিক প্রবৃদ্ধি হবে।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM, Jordan, Ethiopia :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জর্ডানে দু'দিনের সফর শেষে ইথিওপিয়ার রাজধানী আদ্দিস আবাবা পৌঁছেছেন। শ্রী মোদী ভারত-ইথিওপিয়া দ্বিপাক্ষিক সম্পর্কের সকল দিক নিয়ে প্রধানমন্ত্রী ডঃ আবি আহমেদ আলীর সঙ্গে বিস্তৃত আলোচনা করবেন। তিনি ইথিওপীয় সংসদের যৌথ অধিবেশনেও ভাষণ দেবেন। ইথিওপিয়ায় প্রায় ২ হাজার ভারতীয় প্রবাসী প্রধানমন্ত্রী মোদীকে স্বাগত জানাতে একটি বিশেষ প্রচার কর্মসূচির প্রস্তুতি নিচ্ছেন।

তার আগে প্রধানমন্ত্রী মোদী এবং রাজা দ্বিতীয় আবদুল্লাহ আজ আম্মানে ভারত-জর্ডান ব্যবসায়িক ফোরামে ভাষণ দেন, যেখানে যুবরাজ হুসেন, জর্ডানের বাণিজ্য ও শিল্পমন্ত্রী এবং বিনিয়োগ মন্ত্রীও উপস্থিত ছিলেন। উভয় নেতা উভয় পক্ষের শিল্পপতিদের সম্ভাবনা এবং সুযোগগুলিকে প্রবৃদ্ধি ও সমৃদ্ধিতে রূপান্তরিত করার আহ্বান জানান। রাজা দ্বিতীয় আবদুল্লাহ উল্লেখ করেন যে জর্ডানের মুক্ত বাণিজ্য চুক্তি এবং ভারতের অর্থনৈতিক শক্তিকে একত্রিত করে দক্ষিণ এশিয়া এবং পশ্চিম এশিয়া এবং তার বাইরেও একটি অর্থনৈতিক করিডোর তৈরি করা যেতে পারে। প্রধানমন্ত্রী মোদী আগামী পাঁচ বছরে জর্ডানের সঙ্গে দ্বিপাক্ষিক বাণিজ্য দ্বিগুণ করে ৫ বিলিয়ন ডলারে উন্নীত করার প্রস্তাব করেন এবং বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হওয়ার পথে দ্রুততম বর্ধনশীল প্রধান অর্থনীতি হিসেবে ভারতের সাফল্য তুলে ধরেন। প্রধানমন্ত্রী জর্ডানের কোম্পানিগুলিকে ভারতের সঙ্গে অংশীদারিত্বের আমন্ত্রণ জানান। ফোরামে পরিকাঠামো, স্বাস্থ্য, ওষুধ, সার, কৃষি, পুনর্নবীকরণযোগ্য জ্বালানি, বস্ত্র, যোগাযোগ, অটোমোবাইল, জ্বালানি, প্রতিরক্ষা এবং উৎপাদন ক্ষেত্রের ব্যবসায়ী নেতারা অংশগ্রহণ করেন।

*****************************

**NEP :**

উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মন বলেছেন, জাতীয় শিক্ষানীতি এ-রাজ্যে শতভাগ বাস্তবায়ন করা একটি বড় চ্যালেঞ্জ সত্বেও রাজ্য সরকার জাতীয় শিক্ষানীতিকে খুব দ্রুত সফলতার সঙ্গে বাস্তবায়নের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছে। আজ খোয়াই নতুন টাউন হলে দশরথ দেব মেমোরিয়াল কলেজের নবীন বরণ অনুষ্ঠানের অবসরে এক সাক্ষাৎকারে তিনি একথা বলেন।

তিনি আজ খোয়াই দশরথ দেব মেমোরিয়াল কলেজটি পরিদর্শন করেন এবং বিদ্যার্থী ও শিক্ষা আধিকারিকদের সঙ্গে মতবিনিময় করেন। নবীন বরণ অনুষ্ঠানে বিধায়ক পিনাকী দাস চৌধুরী, খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায় প্রমুখ।

****************************

**Minister Sudhangshu Das :**

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস জানিয়েছেন, মাংস উৎপাদনে রাজ্যে স্বয়ম্ভর হয়ে উঠেছে। ডিম ও দুধের উৎপাদন বৃদ্ধি করে স্বয়ম্ভরতা অর্জনের লক্ষ্যে বহুমুখী উদ্যোগ নেওয়া হয়েছে। আজ কৈলাশহর সার্কিট হাউসে প্রাণীসম্পদ বিকাশ, মৎস্য ও তপশিলী জাতি কল্যাণ দপ্তরের পর্যালোচনা বৈঠকে তিনি একথা বলেন। উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, রাজ্য সরকারের সচিব দীপা ডি নায়ার, মৎস্য অধিকর্তা সন্তোষ দাশ, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অধিকর্তা নিরোজ কুমার চঞ্চল প্রমুখ। বৈঠকে ঊনকোটি জেলার জেলা শাসক ডক্টর তমাল মজুমদার সহ জেলাস্তরের আধিকারিকরা এতে অংশ নেনে।

******************************

**LOP-South :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ কলাছড়ায় উপজাতি গনমুক্তি পরিষদের সাব্রুম মহকুমা সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে রাজ্য সরকার ও এডিসি প্রশাসনের সমালোচনা করেন। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রাক্তন মন্ত্রী নরেশ জমাতিয়া, প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী, সি.পি.আই.এম দক্ষিণ জেলার সম্পাদক তাপস দত্ত।

****************************

**Assistance :**

পশ্চিম জেলার পুরাতন আগরতলার পূর্ব চাম্পামুড়ার বাসিন্দা দেবল দের মেয়ে পুনম দের দুরারোগ্য ব্যাধি চিকিৎসার জন্য প্রধানমন্ত্রীর জাতীয় ত্রাণ

তহবিল থেকে ১ লক্ষ ২৫ হাজার টাকা আর্থিক সহায়তা মঞ্জুর করা হয়েছে। সাংসদ বিপ্লব কুমার দেব আজ এখবর জানিয়েছেন। সাংসদ শ্রী দেব জানান, মানবিক দৃষ্টিভঙ্গি থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবসময় অসুস্থ ও বিপন্ন মানুষের পাশে দাঁড়াচ্ছেন। এর আগেও উন্নত চিকিৎসার জন্য আর্থিক সহায়তার যেসব আবেদন পাঠানো হয়েছে, সেগুলির প্রায় প্রত্যেকটিতেই প্রধানমন্ত্রী আন্তরিকতার সঙ্গে অনুমোদন দিয়েছেন।

*************************

**Press Meet :**

ঊনকোটি জেলা প্রশাসনের উদ্যোগে "প্লাস্টিক মুক্ত ঊনকোটি অভিযান" কর্মসূচি আগামী ১৮ই ডিসেম্বর থেকে শুরু হবে। আজ কৈলাশহরে ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ সাংবাদিক সম্মেলনে এখবর জানান। উপস্থিত ছিলেন জেলাশাসক ডক্টর তমাল মজুমদার, অতিরিক্ত জেলা শাসকদ্বয় অর্ঘ্য সাহা ও কমলেশ ধর প্রমুখ।

***************************

**Cooch Behar Trophy :**

ত্রিপুরা ও বিহারের মধ্যে অনূর্ধ্ব ১৯ বছরের কোচবিহার ট্রফি ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। এম বি বি স্টেডিয়ামে টসে হেরে ব্যাট করতে নেমে সফরকারী বিহার প্রথম ইনিংসে দিনের শেষে ৮ উইকেট হারিয়ে ৩৩৪ রান করে।

*************************

**Para Games :**

সমাজ কল্যান ও সমাজ শিক্ষা এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের যৌথ উদ্যোগে বাধারঘাটের স্পোর্টস কমপ্লেক্সে দু'দিন ব্যাপী খেলো ত্রিপুরা প্যারা গেমস আজ শেষ হয়েছে। রাজ্যস্তরের এই আসরে ৯টি ক্যাটাগরিতে ৪৪টি ইভিন্টে প্রতিযোগিতার হয়। এবছর অভিভাবকদের মধ্যেও কয়েকটি ইভেন্টে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। পরে বিভিন্ন ক্যাটাগরিতে বিজয়ীদের হাতে

পুরস্কার তুলে দেন অতিথিরা। সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্না দেববর্মা, পশ্চিম জেলার ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল প্রমুখ।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াস।

***************************